

দৈনিক ইত্তেফাক

THE DAILY ITTEFAQ

প্রতিষ্ঠাতা : তফাজ্জল হোসেন মানিক মিয়া



এপ্রিল ১৯, ২০০৮, শনিবার : বৈশাখ ৬, ১৪১৫

আপডেট বাংলাদেশ সময় রাত ১২:০০

নতুন আইনের জনমত যাচাইয়ে ছয়টি প্রশ্ন

।। সাকির আহমদ ।।

প্রস্তাবিত পুলিশ অধ্যাদেশ ২০০৭ সম্পর্কে সমাজের সকল পেশার মানুষের মতামত জানার উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে চলতি মাসের প্রথমদিকে পুলিশ সদর দপ্তর থেকে বিলি করা হয়েছে ছয়টি প্রশ্ন সংবলিত কাগজ। ছয়টি প্রশ্নের মধ্যে তিনটিতে ১৭টি পৃথক মন্তব্যের কলাম রয়েছে। সরকার নতুন অধ্যাদেশটি অনু-মোদনের আগে এ সম্পর্কিত খসড়ার উপর জনমত যাচাইয়ের যে সিদ্ধান্ত গ্রহণ করে তার প্রেক্ষিতে পুলিশ সদর দফতরের এ উদ্যোগ।

প্রথম প্রশ্ন বিদ্যমান পুলিশ এ্যাক্ট, ১৮৬১ একটি সেবামূলক পুলিশ সার্ভিস গঠনের জন্য উপযোগী কিনা? জবাব হ্যাঁ হলে এর সপক্ষে কারণ উল্লেখ করতে হবে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে প্রস্তাবিত অধ্যাদেশে বর্ণিত কোন কোন বিষয় আপনি যৌক্তিক ও সেবামূলক পুলিশ সার্ভিস গঠনে সহায়ক হবে বলে মনে করেন। উত্তরের জন্য ৮টি ছক দেয়া হয়েছে। তৃতীয় প্রশ্ন প্রস্তাবিত অধ্যাদেশে বর্ণিত কোন কোন বিষয় আপনি যৌক্তিক ও সেবামূলক পুলিশ সার্ভিস গঠনে সহায়ক হবে না বলে মনে করেন। এ প্রশ্নেও উত্তরের জন্য ৮টি ছক রয়েছে। চতুর্থ প্রশ্ন হচ্ছে প্রস্তাবিত অধ্যাদেশ কবে নাগাদ বাস্তবায়িত হওয়া সমীচীন হবে বলে আপনি মনে করেন। পঞ্চম প্রশ্ন প্রস্তাবিত অধ্যাদেশ প্রণয়নের উদ্যোগকে আপনি বাংলাদেশ পুলিশ কর্তৃক একটি ইতিবাচক পদক্ষেপ হিসাবে মনে করেন কি? সর্বশেষ যদি এর বাইরে কোন মন্তব্য থাকে তাহলে সেটি লিখুন। পুলিশ সদর দফতরের একজন কর্মকর্তা জানান, উত্তর সংবলিত মতামত পাওয়ার পর সেগুলো পর্যালোচনা করা হবে। প্রশ্নের উত্তরে ভিন্নতা থাকাই স্বাভাবিক। প্রতিটি প্রশ্নের জবাব মিলিয়ে দেখা হবে। যদি প্রস্তাবিত পুলিশ অধ্যাদেশ, ২০০৭-এর পক্ষে বেশি মতামত পড়ে তবে তা উল্লেখপূর্বক সরকারের কাছে প্রতিবেদন পেশ করা হবে। একইভাবে মতামত নেতিবাচক হলে সেটিও সরকারকে জানানো হবে। প্রশ্নের সঙ্গে কেন জবাবসহ মতামত প্রয়োজন তার জন্য এক পৃষ্ঠার ব্যাখ্যা সংযোজন করে দেয়া হবে। এছাড়া থাকবে অধ্যাদেশের খসড়া কপি, বিদ্যমান এ্যাক্টের সীমাবদ্ধতা ও প্রস্তাবিত অধ্যাদেশের বৈশিষ্ট্য সম্পর্কিত একটি সারসংক্ষেপ। (আগামীকাল পড়ুন প্রস্তাবিত অধ্যাদেশ যে কারণে

প্রথম পাতা

শেষ পাতা

দ্বিতীয় সংস্করণ

অন্যান্য

সম্পাদকীয়

চিঠিপত্র

দৃষ্টিকোণ

রাজধানীর আশেপাশে

আইটি কর্ণার

বিশ্ব সংবাদ

খেলার খবর

শিল্প-ব্যবসা-বাণিজ্য

ঠাট্টা

রোজনামাচা

রাশিফল

প্রিন্ট সংস্করণ







(বিজ্ঞাপন)

ঢাকা


চট্টগ্রাম

রাজশাহী
খুলনা
সিলেট
বরিশাল
বাংলা ননবর্ষ ১৪১৫
তরণকর্ষ
আনন্দ বিনোদন
কচি-কাঁচার আসর
ধর্মচিন্তা
তথ্যপ্রযুক্তি
সাহিত্য সাময়িকী
ঈদ সংখ্যা-২০০৭
নববর্ষ সংখ্যা ২০০৭
Powered by eNewspaper

প্রশ্নবিদ্ধ)

 আগের সংবাদ
  পরের সংবাদ
  প্রিন্ট
  ই-মেইল
  হেল্প
  টিপস

 বাংলা দেখা না গেলে বা ফন্ট সম্পর্কিত সমস্যার জন্য এখানে ক্লিক করুন

Ads by Google 

[A.G. Davis - AA Gage](#)

Special Design and Build Gaging, Rotary Tables, Work-Holders
www.agdavis-aagage.com

[Free Bangladeshi Movie](#)

Bangladeshi Natok, Drama Serials, music video, mp3, gallery, chat
bengaliguru.com

[Refurbished Lab Equipment](#)

Analytical Laboratory Equipment Mass Spec, GC, NMR, LC/MS, AA
www.ietltd.com

[GSA Class 5 Vaults](#)

Custom vaults, vault doors, and other secure GSA storage facilities
www.internationalvault.co

The Daily Ittefaq - Established: 24th December, 1953.
 Privacy Policy | Feedback | Contact Us